গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আগস্ট, ২০২৩ হতে নভেম্বর, ২০২৩ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান, এমপি<br>প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ০৬ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) এবং ডিজিটাল প্লাটফর্ম (জুম)। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’। |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি চলমান ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের কার্যক্রম ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৬টি বিনিয়োগ ও ০৩ টি কারিগরি সহায়তা প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১২৩৭৯.০০ লক্ষ (জিওবি ১২৩৭৯.০০) টাকা এডিপি বরাদ্দ রয়েছে। এডিপি বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ১৫৭০.৬৩ লক্ষ টাকা, যা বরাদ্দের ১২.৬৮%। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৪), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২. প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:**
সভায় চলমান নিম্নবর্ণিত প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করা হয়।

**২.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:**
প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি-তে ৮৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২৩ পর্যন্ত অবমুক্তি ৮০০.৬১ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ১৩৪.৬৯ লক্ষ টাকা যা বরাদ্দের ১৫.৫১%। প্রকল্পটির জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ২৪৬৯৬.৯৯ লক্ষ টাকা। সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটিতে মোট ১০০০.০০ লক্ষ টাকা প্রাপ্তির বিষয়ে ইতোমধ্যে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। প্রকল্পটি সুষ্ঠুভাবে সমাপ্ত করতে হলে প্রকল্পটির বিপরীতে ডিসেম্বর/ ২০২৩ এর মধ্যে আরো ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রয়োজন অথবা প্রকল্পটির মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা প্রয়োজন হবে। প্রকল্পটির মেয়াদ ০৬ মাস বৃদ্ধি প্রসঙ্গে এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান, এমপি বলেন যে, বাস্তবে প্রকল্পের সকল কাজ সমাপ্ত হওয়ায়, উক্ত বর্ধিত সময়ে ব্যয় সংকোচনের লক্ষ্যে প্রকল্পে অতিরিক্ত/অপ্রয়োজনীয় সংখ্যাক জনবল নতুন বর্ধনযোগ্য মেয়াদের জন্য পুনরায় নিযুক্ত না করার/ নিয়োগ সম্প্রসারণ না করার বিষয়ে প্রকল্প পরিচালক বিবেচনা করতে পারেন। সেআলোকে প্রকল্প পরিচালক জানান যে, উক্ত বর্ধিত সময়ে প্রকল্পের ব্যয় সংকোচনের লক্ষ্যে প্রকল্পটিতে কর্মরত মোট ১৩ জন সুপারভাইজারকে বিধি-বিধান অনুযায়ী প্রকল্প হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।
**২.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির মেয়াদ ০৬ মাস অর্থ্যাৎ ৩০ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধির জন্য প্রকল্প পরিচালক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে;

খ. প্রকল্পের মোট ১৩ জন সুপারভাইজারকে বিধি-বিধান অনুযায়ী অব্যাহতির প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;

গ. প্রকল্পটির অনিষ্পন্ন অডিট কার্যক্রম দুত নিষ্পত্তি করতে হবে;

ঘ. শিশু শিক্ষার্থীদের বৃত্তির অর্থ যথাযথভাবে প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রকল্প পরিচালক।**

**৩.১ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন** প্রকল্প:

সভায় প্রকল্প পরিচালক জনাব ড. ইমতিয়াজ মাহমুদ জানান যে, প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৭৯১.০০ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থ বছরে এডিপিতে ৪৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তার বিপরীতে নভেম্বর, ২০২৩ পর্যন্ত ৪৯৯.৪০ লক্ষ টাকা অবমুক্ত এবং ৩৫৪.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১৭.৭৪%। প্রকল্পটির জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩৪৬২.১৬ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, সিরাজগঞ্জ, বগুড়া জেলার দরপত্র আহবান করা হয়েছে এবং রাজশাহী জেলার দরপত্র আহবান শেষে মূল্যায়ন কার্যক্রম চলছে। সিলেট জেলার ভূমি অধিগ্রহণ দ্রুততার সাথে সম্পন্ন হচ্ছে এবং অন্যান্য ০৫ (পাঁচ) জেলার ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান যে, ভূমি অধিগ্রহণসহ বিভিন্ন খাতে বাজেট অব্যয়িত থাকলে তা সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (আরএডিপি) প্রণয়নের সময় সমন্বয়/উপযোজন করা হবে। উক্ত ০৫ (পাঁচ) জেলার ভূমি অধিগ্রহণ নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি প্রকল্প পরিচালক-কে নির্দেশনা প্রদান করেন। একই সাথে প্রকল্পটির পিএসসি ও পিআইসি সভা যথাসময়ে আহবান করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।

৩.১.১ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ভূমি অধিগ্রহণের কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে এবং প্রয়োজনে এ বিষয়ে মন্ত্রণালয়ের সহযোগীতা গ্রহণ করতে হবে।

খ. চলমান নির্মাণ কাজের গুনগতমান বজায় রেখে যথাসময়ে কাজ সম্পন্ন করতে হবে;

গ. প্রকল্পটির পিএসসি ও পিআইসি সভা যথাসময়ে আহবান করতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ।

**৪.১ বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি মে, ২০২২ হতে এপ্রিল ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩৬৭.৫৭ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি-তে ২২০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২৩ পর্যন্ত ১০৯৯.৫৫ লক্ষ টাকা ছাড় এবং ৩১৩.৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১৪.২৫%। জুন/২৩ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪১৬.১৭ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটির সফটওয়ারের ডিজাইন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত সফটওয়ারের মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে চাহিত জনবলের নিয়োগ বিজ্ঞপ্তি দেয়ার সুযোগ রয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে, সফটওয়ারের জন্য আলাদা সার্ভার ক্রয়ের প্রয়োজন নেই, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর সার্ভারের মধ্যেমে কার্যক্রম পরিচালনা করা যাবে। প্রকল্প পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, প্রতিবন্ধী ও পাথর ভাঙ্গাসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শ্রমিকদের জন্য আলাদা ডাটাবেজ তৈরির বিষয়ে সভায় মতামত প্রকাশ করেন। সেপ্রেক্ষিতে সভাপতি আপাতত একটি বিষয়ের উপর ডাটাবেজ তৈরির নির্দেশনা প্রদান করেন। প্রকল্প পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পটির এডিপি-তে ২২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও কিছু কিছু অর্থনৈতিক কোডে অতিরিক্ত বরাদ্দ থাকায় চলমান অর্থবছরে প্রায় ৫০০.০০ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হবে না বিধায় আরএডিপি-তে তা সংশোধনের প্রয়োজন হবে।

**৪.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শ্রমিকদের জন্য আলাদা ডাটাবেজ তৈরির কার্যক্রম গ্রহণ করতে হবে;
খ. প্রকল্পটির কিছু অর্থনৈতিক কোডে অতিরিক্ত বরাদ্দকৃত অর্থ উপযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
গ. ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি বরাদ্দ সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
ঘ. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে; এবং
ঙ. প্রকল্পটির সভা/সেমিনার ও ওয়ার্কশপ যথাসময়ে সম্পন্ন করতে হবে।
**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ।

**৫.১ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:**
প্রকল্প পরিচালক জনাব ফরিদ আহাম্মদ সভায় জানান যে, প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.০০ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি-তে ৫০১১.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এ বরাদ্দের বিপরীতে নভেম্বর/২০২৩ পর্যন্ত ১২৫২.৭৫ লক্ষ টাকা অর্থ ছাড় এবং ৭৬৮.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১৫.৩৩%। প্রকল্পটির জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৩৪৪.৫২ লক্ষ টাকা। সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অধিকাংশ কাজ সমাপ্ত হলেও ফিনিসিং এর ২৫ টি কাজ চলমান রয়েছে। উক্ত অবশিষ্ট কাজসমূহ দ্রুত সমাপ্ত করা হবে মর্মে সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) আবারও আশ্বাস প্রদান করেন। প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত করার লক্ষ্যে অতিরিক্ত ১৬ কোটি টাকা প্রয়োজন হবে কেননা মূল ডিপিপি থেকে বরাদ্দ প্রাপ্তিতে এখানো ১৬ কোটি টাকার ঘাটতি রয়েছে। সে প্রেক্ষিতে "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" শীর্ষক প্রকল্পের পরিচালক ড. ইমতিয়াজ মাহমুদ (অতিরিক্ত সচিব) এবং এলআইএমএস প্রকল্পের উপ-পরিচালক জনাব আব্দুল মোমিন বলেন যে, তাদের ০২ টি প্রকল্প হতে যথাক্রমে ৮০০.০০ + ৫০০.০০= ১৩০০.০০ লক্ষ টাকা বর্ণিত প্রকল্পটির অনুকূলে উপযোজন করা যেতে পারে। এ বিষয়ে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বলেন যে, বাস্তবতার নিরিখে অতিরিক্ত চাহিদা প্রস্তাব করতে হবে এবং প্রকল্প সমাপ্তির নির্ধারিত সময়সীমা অর্থাৎ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সমাপ্ত করতে হবে। প্রকল্পটির কার্যক্রম যতটুকু সমাপ্ত হবে সরজমিন পরিদর্শন ও নিরীক্ষা অন্তে ঠিক ততটা অংশের বিল প্রদান করতে হবে। একই সাথে কোনক্ষেত্রেই প্রকল্পটির মেয়াদ আর বর্ধিত করা যাবে না মর্মে সভায় একমত পোষণ করা হয়।
**৫.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্পটি ৩১শে ডিসেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে;
খ. প্রকল্পটির বাস্তবতার নিরিখে অতিরিক্ত বরাদ্দ চাহিদা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
গ. ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি বরাদ্দ সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
ঘ. প্রকল্পের কোন কাজ অসম্পন্ন থাকলে তা সে অবস্থায় রেখে প্রকল্প সমাপ্ত করতে হবে;
ঙ. প্রকল্পটি সরজমিন পরিদর্শন ও নিরীক্ষা অন্তে ঠিক ততটা অংশের বিল প্রদান করতে হবে এবং
চ. প্রকল্প সমাপ্তিপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে পিসিআর দাখিল করতে হবে।
**বাস্তবায়ন: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর; প্রকল্প পরিচালক; সেনা কল্যাণ সংস্থা (ডিপিএম সেল)**

**৬.১ বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রকল্প:**
প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মার্চ, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে ১৪০৯.৫৫ লক্ষ টাকা (জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির পিএসসি সভা গত ১৯ নভেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি সুষ্ঠু সমন্বয়ের জন্য মন্ত্রণালয়ের পক্ষে ন্যাশনাল প্রজেক্ট কো-অর্ডিনেটর নিযুক্ত করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালনের জন্য সভায় দিকনির্দেশনা প্রদান করা হয়।
**৬.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালনা করতে হবে এবং

খ. প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ন্যাশনাল প্রজেক্ট কো-অর্ডিনেটর ও আইএলও বাংলাদেশ।**

**৭.১ শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রূপান্তর শীর্ষক প্রকল্প:**

প্রকল্পটি শ্রম অধিদপ্তর কর্তৃক জুলাই, ২০২৩ হতে জুন, ২০২৬ পর্যন্ত মেয়াদে মোট ৪৯৯৯.০৪ লক্ষ টাকা (জিওবি: ৩৯৯৯.০৪ এবং প্রকল্প সহযোগীতা ১০০০.০০) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। অত্র প্রকল্পের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে ইউসেপ-বাংলাদেশ ইউসেপ-বাংলাদেশ কাজ করছে। সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মাধ্যমে অক্টোবর ২০২৩ হতে বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের ইউসেপ-বাংলাদেশের মাধ্যমে কর্মসংস্থানের উদ্যোগ গ্রহণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে আরএডিপি-তে বরাদ্দ রাখা এবং এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী/ সচিব মহোদয়ের নেতৃত্বে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত প্রশিক্ষণের স্থান পরিদর্শন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**৭.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালন করতে হবে;

খ. প্রশিক্ষণের স্থান পরিদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

গ. প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি বরাদ্দ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, ইউসেপ বাংলাদেশ।**

**৮.১ বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ (গোটান) শীর্ষক প্রকল্প:**

প্রকল্পটি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক জুলাই, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত মোট ৪৩৭৮.৬০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। উক্ত সভায় প্রকল্পটির অনুকূলে আএডিপি বরাদ্দ নিশ্চিত করা এবং যথাসময়ে মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**৮.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালন করতে হবে;

খ.মন্ত্রণালয়ে মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং

গ. প্রকল্প পরিচালক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।**

**৯.১. মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প :**

প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে মোট ৪৯৯৬.৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে ৪০.০০.০০০০.০২৭.১৪.০০১.২৩.৫৯ স্মারকে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেটে ২৩২.৪০ লক্ষ টাকা অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে। প্রকল্পটির অনুকূলে আরএডিপি বরাদ্দ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৯.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পারিচালন করতে হবে;

খ. প্রকল্পটির অনুকূলে IBAS++ এ কোড খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করতে হবে;

গ. প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং

ঘ. মন্ত্রণালয়ে মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর, প্রকল্প পরিচালক।**

### ১০.১ Advancing Decent Work in Bangladesh শীর্ষক প্রকল্প।

প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও এর সহযোগিতায় বৈদেশিক সাহায্যপুষ্ট জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে মোট ২৬৮৪১.২২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। বিগত ১৪/১১/২০২৩ তারিখে একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। সভায় প্রকল্পটির মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

**১০.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পারিচালনা করতে হবে;

খ. মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং

গ. প্রকল্পটির প্রকল্প পরিচালক দ্রুত নিয়োগ করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, আইএলও বাংলাদেশ।**

### ১১.১. Improving Health and Safety of Workers in Bangladesh through the Strengthening of Labour Authorities শীর্ষক প্রকল্প:

প্রকল্পটি জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত মেয়াদে মোট ১৩০৫.০৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ডেনমার্ক সরকারের সহযোগীতায় বাস্তবায়িত হচ্ছে। শিল্প ও শক্তি বিভাগে বিগত আগস্ট ২০২৩ মাসে বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। পুন:গঠিত টিএপিপি অদ্যাবধি পাওয়া যায়নি। প্রকল্পটির পুন:গঠিত টিএপিপি প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য উক্ত সভায় Mr. Ole Justesen, Sector Counsellor for Decent Work & Labour Rights, Royal Embassy of Denmark in Bangladesh অনলাইনে সভায় সংযুক্ত হন এবং প্রকল্পের সার্বিক অগ্রগতির বিষয়ে সভায় সম্যক ধারনা প্রদান করেন।

**১১.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির পুর্নগঠিত টিএপিপি প্রস্তুতপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং

খ. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালনা করতে হবে।

**বাস্তবায়ন: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

### ১২.১ Social Protection for the workers in the textile and Leather Sector (SoSi) শীর্ষক প্রকল্প:

প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় জার্মান এনজিও জিআইজেড এর সহযোগীতায় জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৭০১৯.৬ লক্ষ টাকা। প্রকল্পটির প্রস্তাবিত টিএপিপি’র আলোকে মন্ত্রণালয়ের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সংশোধিত টিএপিপি অদ্যবধি পাওয়া যায়নি। প্রকল্পটির সংশোধিত টিএপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**১২.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**ক.** প্রকল্পটির পুর্নগঠিত টিএপিপি প্রস্তুতপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং

খ. প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পারিচালনা করতে হবে।

**বাস্তবায়ন:  কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

**১৩.১ ২০২৩-২৪ অর্থবছরে এডিপি তে অন্তর্ভুক্ত অনুমোদিত/ অনুনমোদিত প্রকল্প:**

| ক্রম | প্রকল্পের নাম ও মেয়াদ | প্রাক্কলিত ব্যয় | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন শীর্ষক প্রকল্প ।<br>(জুলাই ২০২৩ হতে জুন ২০২৬) | ২৫০০০০.০০ | প্রকল্পটির ডিপিপি অনুমোদনের জন্য শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং প্রকল্প মূল্যায়ন সভার জন্য প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১. ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. প্রকল্পটির প্রকল্প মূল্যায়ন সভার জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর।** |
| ২. | টংগী শ্রম কল্যাণ কেন্দ্রের পুর্ননির্মাণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প। (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬) | ৭০৩৭.৮৪ | পুর্নগঠিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখা এবং প্রকল্প মূল্যায়ন সভার জন্য প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১.ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.প্রকল্পটির প্রকল্প মূল্যায়ন সভার জন্য প্রস্তুতি গ্রহণের গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর।** |
| ৩. | আধুনিক সুবিধায় খুলনা ও বরিশালে ০২ টি বহুতল শ্রমভবন নির্মাণ শীর্ষক প্রকল্প। (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬) | ১৪৫২২.৯৪ | প্রকল্পটির ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে। প্রকল্পটির ডিপিপি দুত প্রস্তুত এবং প্রকল্প মূল্যায়ন সভার জন্য প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১. ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. প্রকল্পটির প্রকল্প মূল্যায়ন সভার জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর।** |
| ৪. | ন্যাশনাল লেবার হাসপাতালসহ তেঁজগাও শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প। (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬) | ৩০০০০.০০ | "শ্রমিকের দক্ষতা বৃদ্ধি ও স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে শ্রম অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য RFP ভেন্ডর নির্ধারণ কার্যক্রম চলমান। অনুমোদিত ভেন্ডরের মাধ্যমে বর্ণিত প্রকল্পের খসড়া ডিপিপি প্রণয়ন করা হবে মর্মে সভায় জানানো হয়।।<br>**সিদ্ধান্ত:**<br>১. সমীক্ষা সম্পন্ন করে প্রকল্পটির ডিপিপি দুত প্রস্তুত করতে হবে।<br>**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর।** |

| | | | |
|---|---|---|---|
| ৫ | তৈরি পোশক খাতকে চতুর্থ শিল্প বিপ্লবের সাথে যুগোপযোগী করার লক্ষ্যে প্রশিক্ষণ ও পাইলটিং শীর্ষক প্রকল্প। (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬) | ১০০০০.০০ | প্রকল্পটি আগামী ২০২৪-২৫ অর্থবছরে পুনরায় সবুজ পাতায় অন্তর্ভুক্ত পূর্বক এর ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১. আগামী ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ফিজিবিলিটি স্ট্যাডি'র ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর।** |
| ৬ | গৃহকর্মী সুরক্ষা বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও এ্যাডভোকেসি শীর্ষক প্রকল্প (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬) | ৪০০০.০০ | প্রকল্পটি আগামী ২০২৪-২৫ অর্থবছরে পুনরায় সবুজ পাতায় অন্তর্ভুক্ত পূর্বক এর ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১. আগামী ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ফিজিবিলিটি স্ট্যাডি'র ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর।** |

**১৪.১ সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যালোচনা (আইএমইডি-০৪):**

| ক্রম: | প্রকল্পের শিরোনাম | পিসিআর জমা প্রদান |
|---|---|---|
| ১. | তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়) | আইএলও |
| ২. | **০৬টি** জেলা কার্যালয় **পুনর্নির্মাণ** প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৩. | ঘাগড়া হোস্টেল নির্মাণ প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৪. | নারায়নগঞ্জ বন্দর ও চট্টগ্রামের কালুর ঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল নির্মাণ **প্রকল্প।** | শ্রম অধিদপ্তর |

উপরোক্ত প্রকল্পসমূহ সমাপ্ত হলে অদ্যাবধি প্রকল্প সমাপ্তি প্রতিবেদন পাওয়া যায়নি। উল্লেখ্য, প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রদানের বাধ্যবাধকতা থাকলেও অদ্যাবধি তা না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত উক্ত প্রকল্পসমূহের পিসিআর এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

**১৪.১.১** সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. ইতোপূর্বে সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।

**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর এবং আএইলও ।**

**১৫.১ প্রকল্পের অডিট আপত্তি বিষয়ক আলোচনাঃ**

প্রকল্পের অডিট আপত্তির বিষয়ে মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি জানান যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার উন্নয়নে অগ্নি ও বিদ্যুৎ সংযোগ প্রকল্প" সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় মোট ২২,৩০৫ টাকা অনিষ্পন্ন, এবং শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "ছয়টি অফিস পুনঃ নির্মাণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প" সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় মোট ১,৭২,৬২২ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। এ বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন এবং দ্রুত সকল ভ্যাট পরিশোধপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।

**১৫.১.১সিদ্ধান্তঃ**

ক. পরীক্ষান্তে সকল প্রকার অডিট আপত্তি (প্রযোজ্য ক্ষেত্রে দ্বিপক্ষীয়/ ত্রিপক্ষীয় সভার মাধ্যমে) দ্রুত নিষ্পত্তি করতে হবে;

খ. প্রয়োজনে প্রকল্প পরিচালক/ সহকারী প্রকল্প পরিচালককে পত্র প্রদান করতে হবে।

১৬.১ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বেগম মন্নুজান সুফিয়ান, এমপি
প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.১১৮

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
১১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৩) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ।
৪) সচিব, অর্থ বিভাগ।
৫) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৭) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮) অতিরিক্ত সচিব, শ্রম অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর।
১২) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
১৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৪) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
১৫) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৬) প্রকল্প পরিচালক, বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রকল্প, ঢাকা।
১৭) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৮) নির্বাহী পরিচালক, ইউসেপ, বাংলাদেশ।
১৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২০) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২১) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২৩) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

২৪) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর।

২৫) প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

২৬) প্রকল্প পরিচালক, শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রূপান্তর শীর্ষক প্রকল্প, ঢাকা।

২৭) প্রকল্প পরিচালক, বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ (গোটান), ঢাকা।

২৮) যুগ্ম মহাপরিদর্শক, সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

২৯) যুগ্ম মহাপরিদর্শক, অর্থ ও পরিকল্পনা অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৩০) Mr. Md. Saidul Islam, Senior Programme Officer, ILO, Dhaka

৩১) ন্যাশনাল প্রজেক্ট কো-অর্ডিনেটর, বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রকল্প, ঢাকা।

৩২) Mr. Ole Justesen, Sector Counsellor for Decent Work & Labour Rights, Royal Embassy of Denmark in Bangladesh.

৩৩) প্রকল্প পরিচালক, Advancing Decent Work In Bangladesh Project.

৩৪) প্রধান সহকারী (চলতি দায়িত্ব), উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা, শ্রম অধিদপ্তর

৩৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩৬) Ms. Nowshin Shafinaz Sha, Program manager, বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রকল্প, ঢাকা।

৩৭) Dr. Silvia Popp, Project Manger, SOSI প্রকল্প, ঢাকা।

এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
সিনিয়র সহকারী সচিব